বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপিত

গত ১১ই জানুয়ারী ২০০৯ সিডনীর গ্লেনফিল্ড কমিউনিটি হলে পালিত হলো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। বাংলাদেশের রাজনৈতিক পট পরিবর্তন এবং আগামী দিনের সমৃদ্ধ বাংলাদেশের সম্ভাবনাময় দিন বদলের প্রত্যাশার আঙ্গিকে আয়োজিত এবং বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি জনাব আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডঃ রফিকুল ইসলাম, গামা আব্দুল কাদির, ব্যারিস্টার সিরাজুল হক, মস্তোফা আনোয়ার পাশা, ডঃ রতন লাল কুন্ডু, ইমদাদুল হক, শামীম হোসাইন বাবু, এবং আকবর মাসুদ। এছাড়াও বক্তব্য রাখেন লুৎফর রহমান শাওন, ডঃ মাকসুদুল বারী, ডঃ মাহবুব আলম, তোজাম্মেল হক মুকুল, মাসুদ

চৌধুরী, ডঃ মোশারেফ চৌধরী ও ফারুক কাদের। অনুষ্ঠানের সকল বক্তাই দিনটির তাৎপর্য তুলে ধরে এবং বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তারা সকলেই বিগত ২৯শে ডিসেম্বর আওয়ামী লীগ তথা মহাজোটের মহাবিজয়ে অভিনন্দন জানান। বক্তারা বঙ্গবন্ধু ও জেল হত্যা সহ সকল যুদ্ধাপোরাধীদের বিচার দাবী করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন পরিষদের যুগ্ম সাধারন সম্পাদক ইফতেখার উদ্দিন ইফতু।

অনুষ্ঠানের দিত্বীয় পর্বে ইমদাদুল হকের পরিচালনায় দেশাত্ববোধক সহ অন্যান্য মনমুগ্ধকর সঙ্গীত পরিবেশন করেন সাংস্কৃতিক সংগঠন লাল সবুজ এর শিল্পী, শুভ্রা মুসতারী ও লুৎফা খালেদ, নিলুফার ইয়াসমিন এবং মাহমুদুল হক। সবশেষে সবাইকে নৈশ ভোজে আপ্যায়ন করা হয়।